

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৫-আইন/২০২৫/২৭/কাস্টমস। সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত-

- (ক) TABLE-1 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code এর বিপরীতে কলাম (3) তে উল্লিখিত উপকরণকে, উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং
- (খ) TABLE-2 এর কলাম (1) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code এর বিপরীতে কলাম (3) তে উল্লিখিত উপকরণকে, উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ,

হইতে নিম্নবর্ণিত শর্তাবলীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|--|
| (1) | (2) | (3) |
| 28.33 | 2833.29.20 | Chromium Sulphate |
| 32.01 | 3201.20.00 | Wattle Extract |
| | 3201.90.00 | Tanning extracts of vegetable origin |
| 32.02 | 3202.10.00 | Synthetic Organic Tanning Substances] |
| | 3202.90.00 | Acid Dyes and Preparation |
| 34.03 | 3403.91.00 | Lub Preparations for Nes Treatment of Tex, Leather |

TABLE-2

| Heading | H.S. Code | Description |
|----------------|------------------|-------------------------------------|
| (1) | (2) | (3) |
| 28.27 | 2827.10.00 | Ammonium Chloride |
| 28.30 | 2830.10.00 | Sodium Sulphide |
| 28.32 | 2832.10.00 | Sodium Meta Bi Sulphite |
| | 2832.30.00 | Sodium Hypo Sulphite (Thiosulphate) |
| 28.36 | 2836.30.00 | Sodium Bi-carbonate |

| Heading (1) | H.S. Code (2) | Description (3) |
|------------------------|--------------------------|---|
| 29.05 | 2905.12.90 | Isopropyl Alcohol |
| | 2905.31.90 | Ethylene Glycol (ethanediol) |
| 29.12 | 2912.11.00 | Methanal (Formaldehyde) |
| 29.14 | 2914.12.00 | Butanone (Methyl Ethyl Ketone) |
| 29.15 | 2915.11.00 | Formic Acid |
| | 2915.12.00 | Salts of Formic Acid (Sodium Formate) |
| | 2915.33.00 | n-Butyl Acetate |
| 32.01 | 3201.10.00 | Quebracho Extract |
| | 3201.90.00 | Kutch Gamia |
| | 3201.90.00 | Other Tanning Extracts |
| | 3202.90.00 | Other Tanning Substances |
| 32.04 | 3204.11.00 | Disperse Dyes |
| | 3204.12.00 | Acid Dyes |
| | 3204.13.10 | Basic Dyes |
| | 3204.13.90 | Other Basic Dyes |
| | 3204.14.00 | Direct Dyes |
| | 3204.17.00 | Pigment & preparation based thereon |
| | 3204.19.00 | Other, Synthetic Organic Coloring matter |
| 32.06 | 3206.19.10 | Filler Master Batch |
| | 3206.19.90 | Other Pigments |
| | 3206.20.00 | Pigment based chromium compound |
| | 3206.49.00 | Other Colouring Matter |
| 32.10 | 3210.00.20 | Prepared water pigments |
| | 3210.00.90 | Other, Prepared Water Pigments |
| 34.03 | 3403.19.00 | Lubricating Preparations for Treatment of Leather |
| | 3403.91.00 | Preparation for the treatment of Leather |
| 34.04 | 3404.90.90 | Artificial Waxes & prepared waxes |
| 35.01 | 3501.10.00 | Casein |
| | 3501.90.00 | Other Casein |
| 38.08 | 3808.92.91 | Fungicides (For non Agricultural Purpose) |
| | 3808.92.99 | Fungicides (For non Agricultural Purpose) |
| 38.09 | 3809.10.00 | Finishing Agent with a basis of Amylaceous Substances |
| | 3809.91.00 | Other Finishing Agent |
| | 3809.93.00 | Finishing Agent |
| 38.23 | 3823.70.00 | Industrial Fatty Alcohols |
| 38.24 | 3824.10.00 | Prepared binders for Foundry Moulds |

শর্তাবলি

- (১) TABLE এ উল্লিখিত উপকরণ, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক Leather and leather goods manufacturers and exporters হিসাবে নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠান, যাহারা Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association, অতঃপর BFLLFEA অথবা Bangladesh Tanners Association (BTA) বলিয়া

উল্লিখিত, এর সদস্য কেবল তদকর্তৃক নিজস্ব শিল্পে ব্যবহারের জন্য আমদানি করিতে হইবে।

- (২) প্রত্যেক আমদানিকারককে প্রতিটি চালান শুঙ্কায়নের পূর্বে Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association অথবা Bangladesh Tanners Association এর সভাপতি কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৩) আমদানিকৃত উপকরণ নিজস্ব শিল্প ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত উপকরণ অন্যবিধি কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপনীয় শুঙ্ক-কর পরিশোধসহ কাস্টমস আইন, ২০২০ এর অধীন যে কোনো আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক কর্তৃক যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৪) বিগত বৎসরের উৎপাদন, উৎপাদন ক্ষমতা অনুযায়ী আমদানি বৎসরের উৎপাদন পরিকল্পনা, ইত্যাদি বিবেচনায় নিয়ে TABLE-1 ও TABLE-2 এ উল্লিখিত উপকরণের বাংসরিক প্রয়োজনীয়তার পরিমাণ প্রাক্কলন করিয়া প্রত্যেক বৎসরের জানুয়ারি মাসের মধ্যেই একটি হিসাবপত্র আমদানি সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন এর কমিশনার এবং সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে; কাস্টম হাউস/স্টেশনের কমিশনার দাখিলকৃত হিসাবের ভিত্তিতে আমদানিকৃত উপকরণ খালাস দিবেন; কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট প্রতি ৬ (ছয়) মাস পর পর উক্ত প্রতিষ্ঠানের আমদানিকৃত উপকরণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পণ্য উৎপাদনে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা সরেজমিনে নিরীক্ষা করিবেন।
- (৫) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যথাসম্ভব স্বল্পতম সময়ে নিরীক্ষা সমাপ্ত করিয়া নিরীক্ষা সমাপ্তির ১ (এক) মাসের মধ্যে পরিশিষ্ট-৩ মোতাবেক একটি বস্তুনিষ্ঠ প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) এর নিকট এবং এর অনুলিপি সংশ্লিষ্ট কাস্টম হাউস/স্টেশন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবেন। নিরীক্ষায় রেয়াতি হারে আমদানিকৃত উপকরণের ধর্তব্যযোগ্য অপ্রয়বহার পাওয়া গেলে কাস্টমস আইন, ২০২০ এর ধারা ১৭১ এর উপ-ধারা (১) এর টেবিল এর ত্রুটিক্রমিক ৮ অনুযায়ী ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট আমদানি সংশ্লিষ্ট কাস্টমস কমিশনারকে অনুরোধ করিবেন; প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারকের প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে।
- (৬) শর্ত (১) হইতে (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, আমদানিকৃত পণ্যচালানের প্রতিটি আইটেম, সংশ্লিষ্ট পণ্যের ক্যাটালগ/Literature এর (প্রযোজ্য ক্ষেত্রে) সহিত মিলাইয়া শর্ত (১) এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের উপকরণ হিসাবে সঠিক পাইলে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ পণ্যচালান শুঙ্কায়ন করিবে।

২। ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১২৫-আইন/২০২২/৭৩/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-১
[শর্ত (৪) দ্রষ্টব্য]
প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, -----

-- (আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত একটি ফিনিসড লেদার, লেদার গুডস, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং অথবা ট্যানার্স শিল্প প্রতিষ্ঠান।

এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ----- তারিখ: ----- ইনভয়েস নং -----

----- তারিখ: ----- বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ----- তারিখ: ----- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে।

উক্ত উপকরণ ২০৫-আইন/২০২৫/২৭/কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ অনুযায়ী রেয়াতি হারে শুল্কায়নের সুপারিশ করা হইল।

স্বাক্ষর:
 তারিখ:
 নাম:
 পদবি: সভাপতি,
 বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার
 এক্সপোর্টস এসোসিয়েশন/ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন
 সীল:

পরিশিষ্ট-২
[শর্ত (৫) দ্রষ্টব্য]
অঙ্গীকারনামা

আমি (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----

----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং -----
 ----- তারিখ: ----- ইনভয়েস নং ----- তারিখ: ----- বিএল/ এয়ারওয়ে
 বিল/ট্রাক রিসিপ্ট নং ----- তারিখ: ----- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ
 উল্লিখিত ফিনিসড লেদার, লেদার গুডস, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং অথবা ট্যানার্স শিল্পে
 পণ্য উৎপাদনের কাজে ব্যবহার করিব।

এর কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের শুল্ক-কর
 পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর অধীনে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যে কোনো শাস্তি
 মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:
 তারিখ:
 মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম:
 প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

পরিশিষ্ট-৩
[শর্ত (৭) দ্রষ্টব্য]

- ১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। নিরীক্ষাকাল/মেয়াদ :
- ৩। নিরীক্ষা মেয়াদে TABLE ভুক্ত আমদানিকৃত উপকরণের বিল অব এন্ট্রিভিতিক নাম, বিবরণ ও পরিমাণ (প্রয়োজনে আলাদা কাগজে) :
- ৪। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নিরীক্ষায় প্রাপ্ত ফলাফল:
- ৫। ক্রমিক নং-৩ ও ৪ এর পরিপ্রেক্ষিতে কমিশনারেটের পর্যবেক্ষণ/সুপারিশ/পদক্ষেপ:

কমিশনার
 কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
 ----- |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
 মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ
 সচিব।